গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৭.২৯.৪৩৮.২৬- ৯৮৬

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩
২৫ আগস্ট ২০২৬

**বিষয়ঃ অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সমন্বিত উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সহযোগিতা বৃদ্ধির নিমিত্ত যৌথ ঘোষণা বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন সকল জেলায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় সকল ট্রেডে প্রশিক্ষণার্থীদের স্বাস্থ্য সুরক্ষায় নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা

প্রতিটি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের পাশাপাশি ডেঙ্গু রোগের ঝুঁকিসমূহ, এডিস মশার বিস্তার এবং তা প্রতিরোধের উপায় নিয়ে শিক্ষার্থীদের মাঝে নিয়মিত সচেতনতামূলক আলোচনা বা ব্রিফিংয়ের আয়োজন করতে হবে।

২. ধূমপানমুক্ত ক্যাম্পাস নিশ্চিতকরণ

যুব সমাজের স্বাস্থ্য ও সুঅভ্যাসের কথা বিবেচনা করে প্রশিক্ষণ কেন্দ্র ও তার আশপাশের পুরো এলাকাকে সম্পূর্ণ ধূমপানমুক্ত রাখা বাধ্যতামূলক করা হয়েছে।

৩. জমে থাকা পানি নিষ্কাশন ও প্রতিরোধ

এডিস মশার বংশবৃদ্ধি রোধে প্রশিক্ষণ কেন্দ্র ভবন, ছাদ, ফুলের টব বা যেকোনো খালি পাত্রে যেন কোনো অবস্থাতেই পানি জমে না থাকে, সেদিকে বিশেষ নজর রাখতে হবে এবং নিয়মিত জমে থাকা পানি পরিষ্কার করতে হবে।

৪. পরিচ্ছন্নতা বজায় রাখা ও মশক নিধন স্প্রে প্রয়োগ

প্রশিক্ষণ ক্লাসরুম, প্রশাসনিক রুম, করিডোর ও ওয়াশরুমসহ সকল এলাকা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। একই সাথে মশার উপদ্রব কমাতে পরিচ্ছন্নতার পাশাপাশি নিয়মিত মশক নিধনকারী স্প্রে প্রয়োগ নিশ্চিত করতে হবে।

প্রিয়সিন্ধু তালুকদার
পরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

প্রাপক
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর-------------সকল জেলা।

অনুলিপি:
১। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। অফিস কপি।